

ব্যাক-টু-স্কুল সময়সূচি এবং ঠিকানাসমূহ, 7 অগাস্ট - 22 সেপ্টেম্বর

বছরের সবচেয়ে ব্যস্ত সময়ে পরিবারদেরকে আরও ভালভাবে সুবিধাদানের লক্ষ্যে, আমাদের কিছু অফিস 7 অগাস্ট থেকে 22 সেপ্টেম্বর, 2023 গ্রীষ্মকালীন অস্থায়ী ঠিকানায় স্থানান্তরিত হচ্ছে।


আমরা 26 সেপ্টেম্বরে আমাদের নিয়মিত ঠিকানা এবং সময়সূচিতে পুনরায় ফিরে আসবো। সময়সূচি এবং ঠিকানা সম্পর্কিত সর্বসাম্প্রতিক তথ্যের জন্য, অনুগ্রহ করে schools.nyc.gov/FWC দেখুন অথবা একটি অ্যাপয়েন্টমেন্ট করতে 718-935-2828 নম্বরে ফোন করুন।

সময়সূচি

সোমবার – বৃহস্পতিবার, 8am – 5pm | শুক্রবার, 8am – 3pm

সকল সাইট লেবার ডে উপলক্ষ্যে সোমবার, 4 সেপ্টেম্বর এবং ইয়ম কিপুর উপলক্ষ্যে সোমবার, 25 সেপ্টেম্বর বন্ধ থাকবে।

ঠিকানাসমূহ



হেমস্তের জন্য একটি স্কুল প্রয়োজন?

NYC পাবলিক স্কুলস্ বেছে নিন



নতুন শিক্ষার্থী

কী করতে হবে এবং কীভাবে তালিকাভুক্ত বা এনরোল হবেন তা জানতে

schools.nyc.gov/NewStudents দেখুন অথবা 311 নম্বরে ফোন করুন। আপনার জন্য আমাদের একটি আসন আছে!



আপনার স্কুল ডিস্ট্রিক্ট খুঁজে নিন

আপনার কোনো জোনভুক্ত স্কুল আছে কিনা তা জানতে schoolsearch.schools.nyc দেখুন। নিউ ইয়র্ক সিটির অধিকাংশ এলিমেন্টারি এবং মিডল স্কুল শিক্ষার্থী তাদের জোনভুক্ত স্কুলে পড়ে।



মাইস্কুলস্ ব্যবহার করুন

MySchools.nyc -এ অবস্থিত অনলাইন ডিরেক্টরিতে আপনার স্কুল এবং প্রোগ্রামের অপশনসমূহ অনুসন্ধান করুন।

রেজিস্ট্রেশনের যাচাই-তালিকা বা চেকলিস্ট

আপনি যখন স্কুলের জন্য রেজিস্টার করবেন, নিচে উল্লেখিত জিনিসগুলো সাথে আনতে ভুলবেন না।

- আপনার সন্তানের বয়সের প্রমাণ (শিক্ষার্থীর জন্ম সনদ বা বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট, অথবা ব্যাপ্টিজমের রেকর্ড),
- আপনার সন্তানের ইমিউনাইজেশন বা প্রতিষেধক গ্রহণের রেকর্ড (যদি থাকে),
- আপনার সন্তানের সর্বশেষ রিপোর্ট কার্ড/ট্র্যান্সক্রিপ্ট (যদি থাকে), এবং
- ঠিকানা প্রমাণ যাচাইয়ের জন্য দুটি (2) নথি বা ডকুমেন্ট - গ্রহণযোগ্য ডকুমেন্টের উদাহরণ schools.nyc.gov/NewStudents -এ দেখুন।

* অনুগ্রহ করে লক্ষ্য করুন: ম্যাকিনি-ভেন্টো অস্থায়ী আবাসনকে যোভাবে সংজ্ঞায়িত করেছেন সেই অনুযায়ী, যেসব শিক্ষার্থী এধরনের আবাসনে বাস করে, তাদের তালিকাভুক্ত বা এনরোল করার জন্য কোনো নথিপত্র (এতে অন্তর্ভুক্ত ঠিকানা, জন্ম তারিখের প্রমাণ এবং টিকা বা ইমিউনাইজেশন) জমা দেয়া বাধ্যতামূলক নয়। স্কুলগুলো অবশ্যই অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের সাময়িকভাবে প্রি-রেজিস্টার করবে এবং তারপর (প্রামাণ্য নথি সংগ্রহের জন্য DOE-এর যোগাযোগের ব্যক্তি) তাদের সাথে কাজ করবেন।